

## পরীক্ষার টাকা জোগাতে ছাত্রীকে পতিতাবৃত্তি করতে বললেন শিক্ষক

বাগেরহাট ও মোরেলগঞ্জ এতিমিষি

বাগেরহাটের মোরেলগঞ্জে এসএসসি পরীক্ষার ফরম পূরণের টাকা জোগাড় করতে নানা পায়ের দরিত্র এক ছাত্রীকে পতিতাবৃত্তি করতে বললেন তার স্কুলের সহকারী প্রধান শিক্ষক। পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হওয়া ছাত্রী বাড়িতে ফিরে একাধিকবার আত্মহত্যার চেষ্টা চালিয়ে দু'দিন ধরে স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে। ছাত্রীটির পিতা হতদরিদ্র দিনশঙ্কর কুমার খেঁম এ ঘটনায় প্রতিকার ও কেজি মাধ্যমিক বিদ্যালয়ের ওই শিক্ষকের বিচার চেয়ে সোমবার মোরেলগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তার দফতরে লিখিত অভিযোগ করেছেন। এ ঘটনায় ওই বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকসহ এলাকাবাসীর মাঝে চরম ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। তারা অবিলম্বে ওই শিক্ষকের পদত্যাগ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে। এ বিষয়ে কেজি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাজেনা খাতুন ও স্কুল পরিচালনা পর্ষদের সভাপতি এম এমদাদুল হক সাংবাদিকদের বলেন, ওরুতর অভিযোগের এ বিষয়টি খতিয়ে দেখে দ্রুত ব্যবস্থা নেয়া হবে। সহকারী প্রধান শিক্ষক নুরুল ইসলাম আলকাদের তার বিরুদ্ধে স্থানীয় অভিযোগ গ্রহীকার করে বলেন, এসএসসি পরীক্ষার্থীর সঙ্গে এ ধরনের মত্ববা করা একজন শিক্ষকের পক্ষে কিভাবে সম্ভব। আমি একজন শিক্ষক হিসেবে ঘটনাটি বিকাশে গুনতে পেয়ে মর্মান্বিত হয়েছি। এ বিষয়ে মোরেলগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ওবায়দুর রহমানের সঙ্গে রাতে মোবাইল ফোনে কথা হলে তিনি অভিযোগের কর্তৃপক্ষের দফতরে জমা হওয়ার কথা স্বীকার করেছেন।